

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ১. ২. ঈশ্বর কি তার নিখুঁত বিধানে স্থির?

আমেরিকান বাইবেল সমালোচক গ্যারি ডেভানি (Gary DeVaney) 'ঈশ্বরের নিখুঁত বিধান' (God's Perfect Laws) শিরোনামে এক অনলাইন আর্টিকেলে এ প্রসঙ্গে লেখেছেন[1]:

বাইবেলের ঈশ্বর কি ভাল ও নিখুঁত? ঈশ্বর কি মানবজাতিকে পালনের জন্য নিখুঁত বিধান দিয়েছেন? অপরিবর্তনশীল ও কর্তৃত্বময় ঈশ্বর কি তাঁর নিজের বিধানে স্থির থাকেন? আসুন আমরা বাইবেল দ্বারা প্রমাণিত একটা বিধান পরীক্ষা করি:

দ্বিতীয় বিবরণ ২৪/১৬: "ছেলেমেয়েদের গুনাহের জন্য বাবাকে কিংবা বাবার গুনাহের জন্য ছেলেমেয়েদেরকে হত্যা করা চলবে না। প্রত্যেককেই তার নিজের গুনাহের জন্য মরতে হবে।" আমার মূল্যবোধ ব্যবস্থায় এ বিধানটা ন্যায়নিষ্ঠ ও সুন্দর বলে প্রতীয়মান। আপনি কী মনে করেন?

যিরমিয়/ ইয়ারমিয়া ৩১/৩০: "প্রত্যেকে নিজের গুনাহের জন্যই মরবে।" এ বিধানটাও ন্যায়নিষ্ঠ ও সুন্দর। যিহিঙ্কেল/ ইহিস্কেল ১৮/২০: " যে গুনাহ করবে সে-ই মরবে। ছেলে বাবার দোষের জন্য শান্তি পাবে না আর বাবাও ছেলের দোষের জন্য শান্তি পাবে না।" ঈশ্বর, খুব ভাল কথা বললেন আপনি। আমি স্বীকার করছি যে, এ বিধানগুলো ন্যায়নিষ্ঠ ও সুন্দর। কিন্তু বাইবেলীয় ঈশ্বর কি সত্যই ন্যায়নিষ্ঠ ও সুন্দর বলে প্রমাণিত? ঈশ্বর কি সত্যই নিজের এ প্রমাণিত বিধানগুলোকে সম্মান করেছেন এবং এগুলোতে স্থির থেকেছেন? লক্ষ্য করুন:

যাত্রাপুন্তক ২০/৫, গণনাপুন্তক ১৪/১৮ এবং দ্বিতীয় বিবরণ ৫/৯ সবগুলোতেই ঈশ্বর বলছেন: "আমি একজন ঈর্ষান্বিত ঈশ্বর (jealous God, কেরি: স্বগৌরব রক্ষণে উদযোগী ঈশ্বর) আমি পিতৃগণের অপরাধের প্রতিফল সন্তানদিগের উপর বর্তাই, যাহারা আমাকে দ্বেষ করে, তাহাদের তৃতীয় চতুর্থ পুরুষ পর্যন্ত বর্তাই।" যাত্রাপুন্তক ৩৪/৭: "তিনি পিতার অন্যায়ের শান্তি বংশের তিন-চার পুরুষ পর্যন্ত দিয়ে থাকেন।"

বাইবেল কী বলল? বাইবেলের এ বিরক্তিকর বক্তব্যটার চেয়ে অধিক পরিষ্কার ও সহজবোধ্য কথা তেমন হয় না। আর ভাল ও মন্দের বিষয়ে আমার জ্ঞান বলে যে, এ বিধানটা ন্যায়নিষ্ঠ ও সুন্দর নয়। পাঠক, আপনার কি সাহস আছে এ বিধানটাকে ন্যায়নিষ্ঠ এবং সুন্দর বলে দাবি করার?

এরপর গ্যারি একের অপরাধে অন্যের শান্তির কিছু নমুনা উল্লেখ করেছেন।

ফুটনোট

[1] http://www.thegodmurders.com/id191.html



• Source — https://www.hadithbd.com/books/link/?id=14252

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন